

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সদর ভূমি অফিস
খুলনা সদর, খুলনা।

স্মারক নং-৪১.৪৪.৪৭৫১.০০১১৩.০০২.১৯- ৩৪৮

যুক্ত/ভূমি

তারিখঃ

বৈশাখ-১৪২৫

২১ মে-২০১৯


বিষয়ঃ- খুলনা সদর ভূমি অফিসাধীন “মিস্ত্রী পাড়া খাল” পরিমাপ পূর্বক সীমানা পিলার স্থাপনসহ সরেজমিন তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ- স্মারক নম্বর-৩১.৪৪.৪৭১২.০০০.০০.০১৪.১৯-৭২ (যুক্ত) এবং তারিখ- ০৬/০২/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের সদয় নির্দেশ মোতাবেক নিম্ন স্বাক্ষরকারী ও টেকনিক্যাল কমিটির সদস্যগণ খুলনা সিটি করপোরেশনের সহযোগিতায় খুলনা সদর ভূমি অফিসাধীন “মিস্ত্রী পাড়া ” খালের সীমানা নির্ধারণ পূর্বক সীমানা পিলার স্থাপনসহ বিস্তারিত প্রতিবেদন দাখিল করেছেন।

তাদের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, “মিস্ত্রী পাড়া খালের জমি কালের প্রাকৃতিক কারণে ভরাট হলে সিএস এবং এসএ রেকর্ডীয় খালের মধ্যে দিয়ে ইতোমধ্যে রোকন উদ্দিন সড়ক নামে একটি রাস্তা ও পাকা ড্রেন নির্মিত হয়েছে যা সরেজমিনে দৃশ্যমান। তাছাড়া মৌজা ম্যাপ অনুযায়ী উক্ত খালের প্রশস্ততা সঠিক আছে কোন অবৈধ দখলদার নাই এবং সিএস এসএ রেকর্ডীয় মিস্ত্রী পাড়া খালের জমি চলমান আরএস জরিপে রাস্তা হিসেবে রেকর্ড হয়ে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

এমতাবস্থা, উক্ত প্রতিবেদনের সাথে একমত পোষণ করত মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হলো।



এ.বি.এম খালিদ হোসেন সিদ্দিকী
সহকারী কমিশনার (ভূমি)
সদর ভূমি অফিস
খুলনা সদর, খুলনা।

জেলা প্রশাসক,
খুলনা।

বরাবর,

সহকারী কমিশনার (ভূমি)

খুলনা সদর ভূমি অফিস, খুলনা।

বিষয়ঃ- খুলনা সদর ভূমি অফিসাধীন “মিস্ত্রীপাড়া খাল” পরিমাপ পূর্বক সীমানা পিলার স্থাপনসহ অবৈধ দখলদারদের তালিকা প্রস্তুত করতঃ সরেজমিন তদন্ত প্রতিবেদন।

সূত্রঃ মহোদয়ের দপ্তরের স্মারক নম্বর- ৩১.৪৪.৪৭১২.০০০.০০.০১৪.১৯-৭২ এবং তারিখ ০৬/০২/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের নির্দেশ মোতাবেক মহোদয় কর্তৃক গঠিত কমিটির নিম্ন স্বাক্ষরকারী সদস্যগণ সিটি কর্পোরেশন এর সহযোগিতায় খুলনা সদর ভূমি অফিসাধীন বানিয়াখামার মৌজার “মিস্ত্রী পাড়া খালটি” আরএস মৌজা ম্যাপ অনুযায়ী সীমানা নির্ধারণ পূর্বক সীমানা পিলার স্থাপন করা হয়েছে (আরএস ম্যাপ অনুযায়ী খাল বড় বিধায়)। সীমানা নির্ধারণ পূর্বক দেখা যায় যে, কালের প্রাকৃতিক কারণে এ খালের জমি ভরাট হলে সিএস এবং এসএ রেকর্ডীয় খালের মধ্যে দিয়ে ইতোমধ্যে রোকন উদ্দিন সড়ক নামে একটি রাস্তা ও পাকা ড্রেন নির্মিত হয়েছে যা সরেজমিনে দৃশ্যমান। তাছাড়া মৌজা ম্যাপ অনুযায়ী উক্ত খালের প্রশস্ততা সঠিক আছে কোন অবৈধ দখলদার নাই এবং সিএস এসএ রেকর্ডীয় মিস্ত্রী পাড়া খালের জমি চলমান আরএস জরিপে রাস্তা হিসেবে রেকর্ড হয়ে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে স্কেচ ম্যাপ প্রস্তুত পূর্বক মিস্ত্রী পাড়া খালের/বর্তমান রোকন উদ্দিন সড়কের জমি নিল রং দ্বারা চিহ্নিত করে অত্র প্রতিবেদনের সাথে দাখিল করা হলো।

মোঃ জাহাঙ্গীর হোসেন
সার্ভেয়ার
সদর ভূমি অফিস
খুলনা।

মোঃ খায়রুল আলম
অফিস সহকারী
সম্পত্তি শাখা, কে,সি,সি।

(মোঃ নূরুজ্জামান তালুকদার)
এস্টেট অফিসার
খুলনা সিটি কর্পোরেশন।

এ.বি.এস খালিদ হোসেন সিদ্দিকী
সহকারী কমিশনার (ভূমি)
খুলনা সদর, খুলনা।

মোঃ সিদ্দিকুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী (পুর)
বাসনৌশক, খুলনা ডিভিশন
খুলনা।